

নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫- ০৯

তারিখ: ২২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫-এর লিখিত পরীক্ষা আগামী ০৯ জানুয়ারি ২০২৬ তারিখ রোজ শুক্রবার বেলা ০৩:০০ ঘটিকা হতে ০৪:৩০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ কার্যক্রম নিয়োগ বিধি অনুসরণপূর্বক সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সম্পন্ন করা হয়। নিয়োগ পরীক্ষার্থীদের রোল নম্বর, আসন বিন্যাস, প্রশ্নপত্র প্রেরণ ও মুদ্রণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রস্তুতসহ যাবতীয় কাজ সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে করা হয়। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে এবং গোয়েন্দা তৎপরতা জোরদার করা হয়েছে এ ক্ষেত্রে কারও কোন ধরনের অবৈধ হস্তক্ষেপের সুযোগ নেই। এমতাবস্থায়, দালাল বা প্রতারণা চক্রের দ্বারা প্রলুব্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা অথবা থানা বা গোয়েন্দা সংস্থাকে অবহিত করা সমীচীন হবে। প্রশ্নপত্র ফাঁসের গুজব বা সোস্যাল মিডিয়ার কোনরূপ প্রচারণায় বিভ্রান্ত না হবার জন্য অনুরোধ করা হলো।

(আবু নূর মো: শামসুজ্জামান)
মহাপরিচালক
০২-৫৫০৭৪৭৭৭

dgprimarybd@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
৪. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সকল বিভাগ।
৫. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)।
৬. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৭. জেলা প্রশাসক, (০৩ (তিন) পার্বত্য জেলা ব্যতীত) সকল জেলা।
৮. পুলিশ সুপার, সকল বিভাগ।
৯. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (০৩ (তিন) পার্বত্য জেলা ব্যতীত) সকল জেলা।
১২. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)